

চট্টগ্রামে শারীরিক শিক্ষা কলেজ

নির্মাণ-প্রকল্প ফাইলবন্দি

নাসিরউদ্দিন তোতা, চট্টগ্রাম ব্যুরো : গত ৪ বছরেও চট্টগ্রাম শারীরিক শিক্ষা কলেজের নির্মাণকাজ শেষ হয়নি। সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের পদ্ধতিগত ত্রুটি এবং সরকারি নীতি নির্ধারকদের ব্যর্থতার কারণে প্রায় ২০ কোটি টাকার এ প্রকল্পটি মুখণ্ডবড়ে পড়ে আছে।

৯৬ সালের ১১ই জানুয়ারি নগরীর হালিশহর এলাকায় ১৩ একর জমির উপর এ প্রকল্পের প্রথম পর্যায়ের কাজ শুরু হয়। এতে প্রায় ৫ কোটি টাকা ব্যয় হয়। এর মধ্যে জমির মূল্য বাবদ ২ কোটি ১৫ হাজার টাকা রেলওয়েকে পরিশোধ করা

হয়। কলেজের একাডেমিক ভবনের নির্মাণকাজ শেষ হওয়ার পর দীর্ঘদিন ধরে বন্ধ রয়েছে বাকি কাজ।

অর্থ বরাদ্দের অভাবে ছাত্রছাত্রীদের হোস্টেল, অধ্যক্ষের বাসভবন, জিমনে-সিয়াম, খেলার মাঠসহ শারীরিক শিক্ষা সংশ্লিষ্ট প্রয়োজনীয় নির্মাণকাজ শুরুর কোন উদ্যোগ নেই। দেশে বর্তমানে শারীরিক শিক্ষা কলেজ আছে মাত্র দুটি। ঢাকা ও রাজশাহীতে। দেশের শারীরিক শিক্ষার জন্য প্রয়োজনীয় এ প্রকল্পটির বাকি কাজ আদৌ শেষ হবে কিনা এ নিয়েও চট্টগ্রামের জনগণের মনে সংশয়ের সৃষ্টি হয়েছে।